

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

জাতীয় রাজস্ব বোর্ড

(শুক)

প্রজ্ঞাপন

ঢাকা, ২০শে মাঘ ১৪০৫ বাং, ২রা ফেব্রুয়ারী ১৯৯৯ ইং।

নং ৬৯/৯৯/শুক।—Customs Act, 1969 (IV of 1969) এর section 219 এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথাঃ—

- ১। **সংশ্লিষ্ট শিরোনাম।**— এই বিধিমালা আটককৃত নৌযান (অন্তর্বর্তীকালীন ছাড় প্রদান) বিধিমালা, ১৯৯৯ নামে অভিহিত হইবে।
- ২। **আটককৃত নৌযান ছাড় প্রদানকারী কর্মকর্তা।**—Customs Act, 1969 (IV of 1969) এর অধীন বাজেয়াপ্তযোগ্য কোন পণ্য, অতঃপর পণ্য বলিয়া উল্লিখিত, পরিবহন অথবা বোঝাই করার দায়ে উক্ত Act এর section 157 এর sub-section (2) এর অধীন আটককৃত কোন নৌযান, কমিশনার অব কাস্টমস্ অথবা কমিশনারের নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত সহকারী কমিশনারের নিম্নে নহেন এইরূপ কর্মকর্তা, অতঃপর সংশ্লিষ্ট কর্মকর্তা বলিয়া উল্লিখিত বিধি ৪ এ বর্ণিত পদ্ধতি অনুসরণ সাপেক্ষে, অন্তর্বর্তীকালীন ছাড়, অতঃপর ছাড় বলিয়া উল্লিখিত, প্রদান করিতে পারিবেন।
- ৩। **নৌযান ছাড় প্রদানের শর্তাবলী।**— বিধি ২ এর অধীন আটককৃত নৌযান ছাড় প্রদান করার উদ্দেশ্যে সংশ্লিষ্ট কর্মকর্তার নিকট নিম্নবর্ণিত বিষয়সমূহ সন্তোষজনক বলিয়া প্রতীয়মান হইতে হইবে, যথাঃ—
  - (ক) নৌযানের মালিক বা নৌযান পরিচালনার দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি ইতোপূর্বে অনুরূপ পণ্য পরিবহনে অংশগ্রহণ করে নাই,
  - (খ) নৌযান ছাড় প্রদান করার ফলে উক্ত নৌযান ও পণ্য সংক্রান্ত বিচারাধীন মামলা নিষ্পত্তির ক্ষেত্রে ন্যায় বিচারের স্বার্থ ক্ষুণ্ণ অথবা আলামত বিনষ্ট হইবে না।
- ৪। **নৌযান ছাড় প্রদানের পদ্ধতি।**— (১) আটককৃত নৌযান ছাড় প্রদানের ক্ষেত্রে নিম্নবর্ণিত পদ্ধতি অনুসরণ করিতে হইবে, যথাঃ—
  - (ক) নৌযানের প্রকৃত মালিককে নৌযানের মালিকানা সম্পর্কিত সকল প্রকার দালিলিক প্রমাণাদিসহ উক্ত নৌযান ছাড় প্রদানের আবেদনপত্র সংশ্লিষ্ট কর্মকর্তার নিকট দাখিল করিতে হইবে। তবে বিদেশী মালিকানাধীন নৌযানের ক্ষেত্রে প্রকৃত মালিকের পক্ষে তাহার স্থানীয় প্রতিনিধি অথবা ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি উক্তরূপ মালিকানা সংক্রান্ত দালিলিক প্রমাণাদি দাখিল করিতে পারিবেন।
  - (খ) নৌযানের প্রকৃত মালিককে সংশ্লিষ্ট কর্মকর্তার নিকট এই বিধিমালার সহিত সংযোজিত পরিশিষ্টে প্রদত্ত ছক মোতাবেক যে কোন তফশিলী ব্যাংক হইতে আটককৃত নৌযানের মূল্যের বিপরীতে সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক গ্রহণযোগ্য অর্থের জন্য একটি নিঃশর্ত ব্যাংক গ্যারান্টি প্রদান করিতে হইবে; তবে বিদেশী মালিকানাধীন নৌযানের ক্ষেত্রে সংশ্লিষ্ট মালিকের পক্ষে তাহার স্থানীয় প্রতিনিধি অথবা ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি উক্ত ব্যাংক গ্যারান্টি প্রদান করিতে পারিবেন। আটককৃত নৌযানের মূল্যায়ন সম্পর্কে প্রয়োজনবোধে সংশ্লিষ্ট কর্মকর্তা নৌ-পরিবহন মন্ত্রণালয়ের প্রশাসনিক নিয়ন্ত্রণাধীন ডিপার্টমেন্ট অব শিপিং অথবা জাতীয় চোরাচালান প্রতিরোধ কমিটি-র সিদ্ধান্তক্রমে [২৯-০৩-৯৮

তারিখে অনুষ্ঠিত কমিটির ১৯তম সভার কার্যবিবরণীর অনুচ্ছেদ ৫(৫)] নৌবাহিনী, কোস্ট গার্ড ও শুদ্ধ কর্তৃপক্ষ সমন্বয়ে আটক নৌযান সংক্রান্ত গঠিত 'সার্ভে বোর্ড'-এর মতামত গ্রহণ করিতে পারিবেন।

- (২) উপ-বিধি (১) এ যাহা কিছুই থাকুক না কেন আটককৃত নৌযান সম্পর্কে কোন আদালতে মামলা বিচারাধীন থাকিলে উক্ত আদালতের পূর্বানুমতি ব্যতীত উক্ত নৌযান ছাড় প্রদান করা যাইবেনা।

**পরিশিষ্ট**  
**[বিধি ৪(১) (খ) দ্রষ্টব্য]**

ব্যাংক গ্যারান্টির ছক

আমরা -----  
(ব্যাংকের নাম ও ঠিকানা)  
Customs Act, 1969 (IV of 1969) Gi section 157 Gi sub-section (2) মোতাবেক জনাব /  
মেসার্স -----  
----- (নৌযানের প্রকৃত মালিকের নাম ও ঠিকানা)  
এর মালিকানাধীন ----- অন্তর্বর্তীকালীন ছাড়  
(নৌযানের নাম ও প্রকার)  
প্রদানের জন্য কমিশনার অব কাস্টমস্ -----  
-----  
(শুদ্ধ ভবন/ কমিশনারেটের নাম ও ঠিকানা)  
এর মাধ্যমে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের নিকট টাকা -----  
----- (টাকার পরিমাণ অংকে ও কথায়)  
এর জন্য অত্র গ্যারান্টি প্রদান করিতেছি। আমরা এই মর্মে আরও অঙ্গীকার করিতেছি যে, উল্লিখিত কর্মকর্তার নির্দেশ মোতাবেক উক্ত নৌযান যে কোন সময় যে কোন স্থানে উপস্থাপন করিতে বাধ্য থাকিব এবং উক্তরূপ উপস্থাপন করিতে ব্যর্থ হইলে উক্ত কর্মকর্তা কর্তৃক চাহিবামাত্র টাকা -----  
----- (টাকার পরিমাণ অংকে ও কথায়)  
কোন প্রকার ওজর আপত্তি ছাড়া এবং নৌযানের মালিকের সহিত কোন যোগাযোগ ব্যতিরেকে নিঃশর্তভাবে প্রদান করিতে বাধ্য থাকিব এবং নৌযান সম্পর্কিত তথ্যাবলী নিম্নরূপঃ-

(ক) নৌযানের নাম -----  
(খ) নৌযানের ধরন ----- তৈরীর সন -----  
(গ) পরিবহন ক্ষমতা ----- মডেল -----  
(ঘ) ইঞ্জিনের ব্রাণ্ড ----- ক্ষমতা -----  
(ঙ) সিরিয়াল নম্বর ----- তারিখ -----  
(চ) রেজিস্ট্রেশন নম্বর ----- তারিখ -----  
(ছ) রেজিস্ট্রেশনের স্থান ----- রেজিস্ট্রেশনের বৈধ মেয়াদ -----

২। অত্র ব্যাংক গ্যারান্টিটি আলোচ্য নৌযান সংক্রান্ত মামলার চূড়ান্ত নিষ্পত্তি আদেশ জারী না হওয়া পর্যন্ত বলবৎ থাকিবে।

স্থান ----- স্বাক্ষর -----

তারিখ ----- নাম -----

পদবী -----

সীল মোহর -----

[সংশ্লিষ্ট শুল্ক দপ্তর কর্তৃক পূরণীয়]

(১) আটক মামলার নম্বর : ----- তারিখ -----

(২) ব্যাংক গ্যারান্টি রেজিস্টার নম্বর : -----

(৩) রেজিস্ট্রারে এই ব্যাংক গ্যারান্টির ক্রমিক নম্বর : -----

সহকারী /ডেপুটি/যুগ্ম/অতিরিক্ত কমিশনার/কমিশনারের স্বাক্ষর এবং সীল

তীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

উদয়ন বড়ুয়া  
প্রথম সচিব (শুল্ক)।